



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি - ১)

জাইকার প্রকল্প সমূহের বিষয়ে পর্যালোচনা সভায় মেয়র

**কাজ করতে গিয়ে অভিজ্ঞতা লব্ধ**

**ধারণার আলোকে সমস্যা সমাধান করতে হবে**

**চট্টগ্রাম- ৪ জুন'২০২১খ্রিঃ.**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, চসিকের চলমান কার্যক্রম পরিচালনায় বেশ কিছু সীমাবদ্ধতা থাকলেও সফলতা সন্তোষজনক। কাজ করতে গিয়ে অভিজ্ঞতার আলোকে সমস্যা ও প্রতিবন্ধকতাগুলো চিহ্নিত করে সমাধান করতে হবে। তিনি জাইকার চলমান প্রকল্পগুলো শাতভাগ সম্পন্ন করার ব্যাপারে কাজের গতি বাড়াতে আহ্বান জানান।

তিনি গতকাল বৃহস্পতিবার বিকেলে টাইগারপাসস্থ নগর ভবনের সম্মেলন কক্ষে জাইকার প্রকল্প সমূহের বিষয়ে পর্যালোচনা সভায় বক্তব্য রাখতে গিয়ে এসব কথা বলেন। এতে স্বাগত বক্তব্য রাখেন, চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা কাজী মুহাম্মদ মোজাম্মেল হক, অন্যান্যদের মধ্যে আলোচনায় অংশ নেন চসিকের প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবু ছালেহ, মনিরুল হুদা, কামরুল ইসলাম, বুলন কান্তি দাশ, সুদীপ বসাক, নির্বাহী প্রকৌশলী বিপ্লব দাশ, আবু সাদাত মো. তৈয়ব, আবু ছিদ্দিক, মো. ফরহাদুল আলম, আশিকুল ইসলাম প্রমুখ।

মেয়র আরো বলেন, নগরবাসীর সকল ভাল-মন্দের মালিক ও দায়-দায়িত্ব মেয়রের- এটা একটি সাধারণ ধারণা, কিন্তু বাস্তবতা হচ্ছে নগরীর সামগ্রিক কার্যক্রম ও ব্যবস্থাপনার সাথে অনেক সেবা সংস্থা যুক্ত। তাই সব দায়-দায়িত্ব মেয়রের একার নয়। এই কারণে নগরীর সকল সেবা সংস্থার সমন্বয় প্রয়োজন। এই সমন্বয়ের মাধ্যমে চলমান প্রকল্পগুলো বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান।

(প্রেস বিজ্ঞপ্তি - ২)

চসিকের ভ্রাম্যমাণ আদালত

**রাজস্ব সার্কেল ৬ ও ৭ এলাকায় বকেয়া হোল্ডিং ট্যাক্স ও**

**ট্রেড লাইসেন্স ফি'সহ প্রায় ৫৯ লাখ টাকা জরিমানা আদায়**

**চট্টগ্রাম-৪ জুন'২০২১খ্রিঃ.**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে গতকাল বৃহস্পতিবার রাজস্ব সার্কেল ৬ ও ৭ এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। বকেয়া হোল্ডিং ট্যাক্স ও ট্রেড লাইসেন্স নবায়নের লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের রাজস্ব সার্কেল-৬ এর আওতাধীন সাগরিকাস্থ সেলিম এন্ড বাদার্স সহ মোট ০৩টি হোল্ডিংয়ের দীর্ঘদিনের বকেয়া ট্যাক্স বাবদ ২৬ লাখ ৪৩ হাজার টাকা এবং ট্রেড লাইসেন্স ফি বাবদ ২৯ হাজার টাকা আদায় করা হয়। একই দিন রাজস্ব সার্কেল -৭ এর আওতাধীন এলাকায় বকেয়া হোল্ডিং ট্যাক্স বাবদ ৩৩ লক্ষ ৩৯ হাজার ৮ শত ১২ টাকা এবং বকেয়া ট্রেড লাইসেন্স ফি বাবদ ১লাখ ২০ হাজার ১শত ৫০টাকা আদায় করা হয়। এছাড়াও অভিযানে ০১টি ব্যবসা প্রতিষ্ঠানকে ১হাজার টাকা জরিমানা করা হয়। সিটি কর্পোরেশনের বকেয়া হোল্ডিং ট্যাক্স, ট্রেড লাইসেন্স ফি আদায়কল্পে অভিযান অব্যাহত থাকবে। সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী এবং স্পেসাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌস নেতৃত্বে পৃথকভাবে আদালত পরিচালনা করেন। অভিযানে ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা করেন সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ।

(প্রেস বিজ্ঞপ্তি - ১)

**ষাটদশকের ছাত্রনেতা গোলাম রব্বানীর**

**মৃত্যুতে চসিক মেয়রের শোক**

**চট্টগ্রাম-৪ জুন'২০২১খ্রিঃ.**

অভিভক্ত চট্টগ্রাম জেলা ছাত্রলীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক, ষাটদশক ছাত্রলীগ পরিষদের সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা গোলাম রব্বানীর মৃত্যুতে চসিক মেয়র, ষাটদশক ছাত্রলীগ

পরিষদের সাধারণ সম্পাদক, বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী এক বিবৃতিতে গভীর শোক প্রকাশ করেছেন। বিবৃতিতে তিনি বলেন, গোলাম রব্বানী বঙ্গবন্ধু'র আর্দশে একজন সাহসী সৈনিক ছিলেন। বাঙালী জাতীয়তাবাদী চেতনার বিকাশ ও মহান মুক্তিযুদ্ধকে সংগঠিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিলেন। এছাড়া ৭৫-এ বঙ্গবন্ধুকে স্ব-পরিবারে হত্যা করার পর আওয়ামী লীগ ও ছাত্রলীগকে সংগঠিত করার ব্যাপারে তাঁর অবদান স্মরণযোগ্য। তাঁর মৃত্যুতে দেশ একজন সং রাজনীতিবিদকে হারিয়ে যে শূন্যতা সৃষ্টি হয়েছে তা সহজে পূরণ করার মত নয়। তিনি তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনাসহ শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেন।

সংবাদদাতা

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন,মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩